ইত্তেফাক

10 APR 2008

# বিশ্ববিদ্যালয়ের ভিসি নিয়োগের সার্চ কমিটি পুনর্গঠন

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভিসি, প্রো-ভিসি ও কোষাধ্যক্ষ নিয়োগে সার্চ কমিটি আংশিক সংশোধন করা হয়েছে। পুনর্গঠিত কমিটিতে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব সভাপতি হিসাবে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. ওয়াহিদ উদ্দিন মাহমুদ কো-চেয়ারম্যান এবং শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (বিশ্ববিদ্যালয়) সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করবেন। কমিটির অপর সদস্যরা হচ্ছেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ভিসি ড. মোহাম্মদ ফরাস উদ্দিন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য ড. এহসানুল হক, বুয়েটের সাবেক ভিসি ড. নূরউদ্দীন আহমদ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের অধ্যাপক ড.কাজী সালেহ আহমদ, নর্থ সাউথ ইউনিভার্সিটির ভিসি ড. হাফিজ সিএ সিদ্দিকী এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের পশু পালন অনুষদের প্রাক্তন ডীন অধ্যাপক এস এম বুলবুল।

সার্চ কমিটি পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে ভিসি, প্রো-ভিসি ও কোষাধ্যক্ষের শূন্য পদে দক্ষ যোগ্যতাসম্পন্ন ব্যক্তি নিয়োগের বিষয় নিশ্চিত করার জন্য জাতীয় পত্রিকা ও ওয়েব সাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে দরখাস্ত/ মনোনয়ন আহ্বান করে পদ পূরণের সুপারিশ করবে। ঢাকা, রাজশাহী, জাহাঙ্গীরনগর ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী ভিসি নিয়োগ পদ্ধতি ভিন্নতর হওয়ায় উক্ত বিশ্ববিদ্যালয়সমূহ প্রস্তাবিত সার্চ কমিটির আওতা বহির্ভূত থাকবে।